ভোরের কাগজ

তারিখ AUG 15.1999
পৃষ্ঠা 8 কলাম 7

44

## প্রাথমিক বিদ্যালয়গুলোতে পড়ালেখার মান

শিক্ষা জাতীয় উন্নয়নের চাবিকাঠি এবং দক্ষ জনশক্তি সৃষ্টির গুরুত্বপূর্ণ হাতিয়ার, আর এ জন্যই দেশে চালু হয়েছে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা। কিন্তু যেভাবে আমাদের বিদ্যালয়গুলোতে পাঠদান চলছে তাতে শিক্ষার্থীরা সঠিকভাবে শিক্ষা লাভ করতে পারছে না।

বর্তমানে প্রাথমিক বিদ্যালয়েগুলোতে আগের মতো লেখাপড়ার মান নেই। শিক্ষার্থীদের যদি জিজ্ঞেস করা হয় আজ বিদ্যালয়ে কি কি বিষয় পড়ানো হচ্ছে। শিক্ষার্থীরা উত্তর দেয় এভাবে— আজ কোনো বিষয় পড়া নেই, 'বাংলা' বিষয়ের সেলিনা আপা আসেননি, ইংরেজি বিষয়ের জামান স্যার দুপুরের দিকে চলে গেছেন, আর অংক বিষয়ের হেড স্যার রয়েছে মিটিং নিয়ে কোথাও।' শিক্ষার্থীদের মুখ থেকে শোনা ঐ কথাগুলো মোটেও মিথ্যা বলে মনে হয় না। আর এ থেকেই সহজেই অনুমান করা যায় বিদ্যালয়ের প্রতিটি দিনের হালচাল।

কিন্তু প্রাথমিক বিদ্যালয়গুলোতে যেভাবে পাঠদান হচ্ছে তাতে শিক্ষার্থীর সুপ্ত প্রতিভার বিকাশ না ঘটায় আজ অনেকেই প্রাথমিক শিক্ষার ভবিষ্যৎ সম্পর্কে সন্দিহান। এ জন্যই দেশে প্রতিষ্ঠিত হচ্ছে হাজার হাজার কিন্ডার গার্টেন স্কুল। বিত্তশালী লোকরাই তাদের শিক্ষার্থীকে ঐসব স্কুলেই পড়ান তাদের মেধা বিকাশের জন্য। যে দেশের শতকরা ৮০ ভাগ মানুষই দারিদ্র্যসীমার নিচে বাস করে, যাদের সামর্থ্য নেই কিন্ডার গার্টেন স্কুলে তাদের সন্তানদের ভর্তি করানোর, তাদের মেধা বিকাশে ঐ প্রাথমিক বিদ্যালয়গুলো যথার্থ ভূমিকা পালন করতে পারছে কী?

সরকার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করছেন। কোটি কোটি টাকা খরচ করছেন কিন্তু কোনো কাজ হচ্ছে না। শিক্ষার্থীদের প্রাথমিক স্তরের ভিত্তি যদি এতো দুর্বল হয় তাহলে কোমলমতী এ শিক্ষার্থীরা কি মাধ্যমিক স্তরের শিক্ষার সঙ্গে নিজেকে খাপ খাওয়াতে পারবে? গুরুত্বপূর্ণ এ ব্যাপারটি অনুধাবন করে সরকার কী কোনো ব্যবস্থা নেবেন?

মোঃ আব্দুল মজিদ
কুলাউড়া, মৌলভীবাজার।